৫৫

দৈনিক ইনকিলাব

তারিখ 25 FEB 1997
পৃষ্ঠা: ৫ কলাম ৩

## আমাদের ছাত্র সমাজ ও রাজনীতি

শিক্ষাঙ্গনে

একথা বলতে দ্বিধা নেই যে, অধ্যয়নই ছাত্র জীবনের মূল তপস্যা। আমাদের সবসময় মনে রাখতে হবে যে, একটি দেশের মূল চালিকাশক্তি হল স্বনির্ভর যুব শক্তি। আজকের ছাত্র আগামী দিনের কর্ণধার। বিশ্বের বিভিন্ন দেশে যেখানে ছাত্ররা আজ জ্ঞান-বিজ্ঞান, প্রযুক্তি, সভ্যতা, সংস্কৃতি, কৃষ্টি, স্বাস্থ্য এবং নৈতিক দিক দিয়ে উন্নত মন-মানসিকতার অধিকারী, সেখানে বিংশ শতাব্দীর শেষপ্রান্তে এসে আমাদের ছাত্র সমাজ আজ চরম অধঃপতনের প্রায় শেষসীমায় এসে পৌঁছেছে। এহেন অবস্থা থেকে মুক্তির উপায় কি এবং কিভাবে আমাদের ছাত্র সমাজকে দেশের সম্পদ তথা দক্ষ জনশক্তিতে পরিণত করা যায় এ প্রশ্ন আজ দেশবাসীর। আমাদের ভুলে গেলে চলবে না যে, আমাদের মহান স্বাধীনতা আন্দোলন, ১৯৫২ সালের ভাষা আন্দোলন, ১৯৬৯ এবং ১৯৯০ সালের গণঅভ্যুত্থান ইত্যাদি বিভিন্ন আন্দোলন তথা জাতির অধিকার আদায়ের আন্দোলনে ছাত্র সমাজ ছিল মূল শক্তি। নিকট অতীতেও আমাদের ছাত্র সমাজ কখনও অন্যায়ের কাছে নতি স্বীকার করেনি। কিন্তু আজ নিজেদের রাজনৈতিক হীন স্বার্থ চরিতার্থ করার জন্য রাজনৈতিক নেতা-নেত্রীগণ নির্বিচারে, কোন কোন ক্ষেত্রে অর্থের বিনিময়ে আমাদের সম্ভাবনাময় সোনালী ভবিষ্যতকে (ছাত্র সমাজকে) ব্যবহার করছেন; যা একটি স্বাধীন-সার্বভৌম রাষ্ট্রের জন্য অত্যন্ত লজ্জাজনক।

বর্তমানে ছাত্র রাজনীতির অশুভ প্রভাবে দেশের বিভিন্ন কলেজ এবং বিশ্ববিদ্যালয়ে অবৈধ অস্ত্রের মহড়া চলছে এবং অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার মান অত্যন্ত নীচে নেমে যাচ্ছে এবং ছাত্র-শিক্ষকের মধ্যে সম্পর্কের অবনতি ঘটছে। যা কোনভাবেই দেশবাসীর কাম্য নয়।

শিক্ষাই জাতির মেরুদন্ড বিধায় অভিভাবকরা তাদের সন্তানদের উপযুক্ত মানুষ হওয়ার জন্য কলেজ ও বিশ্ববিদ্যালয়ে ভর্তি করান। গুরুতর আহত হয়ে, গুলী বিদ্ধ হয়ে কিংবা লাশ হয়ে ঘরে ফেরার জন্য নয়।

সম্মানিত ছাত্র সমাজ আপনারা বর্তমানে ক্ষমতা দখলের হাতিয়ার হিসেবে ব্যবহৃত হচ্ছেন কিন্তু একটু ভেবে দেখেছেন কি, আপনাদের কলেজ, বিশ্ববিদ্যালয়ের শিক্ষা জীবন শেষ হলে সার্টিফিকেটসর্বস্ব জ্ঞানবিহীন জীবন আপনাদেরকে কোথায় নিয়ে যাবে? উল্লেখ করা প্রয়োজন যে, দেশের স্বার্থে, জাতির স্বার্থে, সন্ত্রাসের বিরুদ্ধে আন্দোলন করুন। রাজনৈতিক প্রতিপক্ষকে ঘায়েল করার জন্য, কতিপয় নেতা-নেত্রীর হীন উদ্দেশ্য চরিতার্থ করার জন্য নোংরা রাজনীতি পরিহার করুন।

সেই সাথে মাননীয়া প্রধানমন্ত্রী এবং বিরোধী দলীয় নেতা-নেত্রীদের প্রতি আমার বিনীত প্রার্থনা, আপনারা ক্ষমতা দখলের জন্য কিংবা ক্ষমতাকে দীর্ঘস্থায়ী করার জন্য দেশের প্রাণশক্তির তথা ছাত্র সমাজকে ব্যবহার করবেন না। দেশের জনগণের সাথে বিশ্বাসঘাতকতা করে অতীতে কেউ ক্ষমতায় টিকতে পারেনি ভবিষ্যতেও পারবে না ইনশাল্লাহ। স্মরণ রাখা প্রয়োজন যে, দেশবাসী বুকভরা আশা নিয়ে আমাদের ছাত্র সমাজের দিকে তাকিয়ে আছে, যেমন তাকিয়ে ছিল অতীতে। মাননীয়া প্রধানমন্ত্রী বিরোধী দলীয় নেতা-নেত্রীগণ আপনারা পারবেন কি দেশবাসীর সে আশা পূরণ করতে?

—ফাহমিদা পারভীন টফি,
একাদশ শ্রেণী (প্রথমবর্ষ),
খিলগাঁও মডেল কলেজ,
খিলগাঁও, ঢাকা